

পিরোজপুর জেলাধীন জিয়ানগর উপজেলা সদরে ফায়ার সাভিস ও ফায়ার স্টেশন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণের
লক্ষ্যে পিরোজপুর জেলা ভূমি বরাদ্দ কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ অনল চন্দ্র দাস, জেলা প্রশাসক, পিরোজপুর।

সভার তারিখ ও সময় ঃ ২২/০৮/২০১৩ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায়।

স্থান ঃ জেলা প্রশাসক মহোদয়ের সম্মেলন কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ

১।

২।

৩।

৪।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরুর করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সরদার মোসাম্মাফা শাহিন ভূমি হকুম দখল কর্মকর্তা, পিরোজপুর কর্তৃক জিয়ানগর উপজেলা সদরে ফায়ার সাভিস ও ফায়ার স্টেশন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণের প্রসঙ্গ জেলা স্থান নিয়ন্ত্রণ কমিটির সভায় উপস্থাপন করেন।

সভায় প্রসঙ্গটি পর্যালোচনায় দেখা যায় যে, জিয়ানগর উপজেলাধীন জে,এল নং ৯৭ চাড়াখালী মৌজার এস,এ, ৬০ ও ৩০০ নং খতিয়ানের ২০৯ নং দাগের অধিগ্রহণকৃত ০.৩৩ একর নাল শ্রেণী জমি অধিগ্রহণের প্রসঙ্গ দেয়া হয়েছে। প্রকল্প পরিচালক (- সচিব) ফায়ার সাভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা ২৮/০৪/২০১৩ খ্রিঃ তারিখের এফএসওসিডি/প্রকল্প-১৫৬/১৩৩/২০৯ নং স্মারক পত্রে জিয়ানগর উপজেলাধীন জে,এল নং ৯৭ চাড়াখালী মৌজার এস,এ, ৬০ ও ৩০০ নং খতিয়ানের ২০৯ নং দাগের ০.৩৩ একর নাল শ্রেণী জমি অধিগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। প্রসঙ্গ পত্রের সাথে সংযুক্ত আনুষঙ্গিক কাগজপত্র যাচাই এবং প্রসঙ্গাবিত জমি সরেজমিনে পরিদর্শন করে ভূমি হকুম দখল শাখার অতিরিক্ত ভূমি হকুম দখল কর্মকর্তা ও সার্ভেয়ারকে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ দেয়া হয়। প্রসঙ্গাবত ভূমি সরেজমিনে পরিদর্শন করে ভূমি হকুম দখল শাখার অতিরিক্ত ভূমি হকুম দখল কর্মকর্তা ও সার্ভেয়ার সংযুক্ত কাগজ পত্র যাচাই অমেন্ড /০৫/২০১৩ খ্রিঃ তারিখে প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, প্রসঙ্গাবিত ০.৩৩ একর জমি বর্তমানে ০২(দুই) জন লোকে ভোগদখল করেন। (১) মোঃ লোকমান হাওলাদার, পিতা- মৃতঃ আঃ ছালাম হাওলাদার, সাং- ইন্দুরকানী ও (২) মোসাঃ জেসমিন, স্বামী- নাছির উদ্দিন হাওলাদার, সাং- চাড়াখালী, উপজেলা- জিয়ানগর, জেলা- পিরোজপুর। মোঃ লোকমান হাওলাদার, পিতা- মৃতঃ আঃ ছালাম হাওলাদার, সাং- ইন্দুরকানী এর জায়গা কৃষি জমি হিসাবে ব্যবহার করেন এবং মোসাঃ জেসমিন, স্বামী- নাছির উদ্দিন হাওলাদার, সাং- চাড়াখালী সে তার জায়গায় ৩৩ X ৩৩র্ বিল্ডিং নির্মাণ

কাজ করছেন। উক্ত ভূমি নাল শ্রেণীভুক্ত। সেখানে কোন ধর্মীয় উপসনালয়, কবরস্থান বা শ্মশান ঘাট পরিলক্ষিত হয়নি।
উক্ত প্রতিবেদনে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল-১৯৯৭ এর ২০.১ অনুচ্ছেদের আলোকে সঠিক আছে মর্মে মতামত ব্যক্ত করা হয়েছে।

প্রসঙ্গটি পর্যালোচনায় আরও জানা যায় যে, জিয়ানগর উপজেলাধীন জে,এল নং ৯৭ চাড়াখালী মৌজার এস,এ, ৬০ ও ৩০০ নং খতিয়ানের ২০৯ নং দাগের ০.৩৩ একর নাল শ্রেণী জমি অধিগ্রহণের জন্য উপযোগী মর্মে উপজেলা নিরূপী অফিসার, জিয়ানগর, পিরোজপুর গত ২১/০৯/২০১১ খ্রিঃ তারিখে উভূঅ/জিয়া/রাজস্ব/১১-২২৮ নং স্মারকে সংশোধিত প্রসঙ্গ দাখিল করায় উক্ত প্রসঙ্গ জেলা প্রশাসক, পিরোজপুর মহোদয় মহাপরিচালক, ফায়ার সাভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা বরাবরে প্রেরণ করেন। সে মোতাবেক ব্রিগেডিয়ার জেনারেল, আলী আহম্মেদ খান, পিএসসি, মহাপরিচালক প্রশাসনিক অনুমোদন প্রদান করেন। উক্ত প্রশাসনিক অনুমোদনের ভিত্তিতে মোঃ হেদায়েত উল্লাহ চৌধুরী, প্রকল্প পরিচালক(যুগ্ম-সচিব) স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল-১৯৯৭ এর ২০.১ অনুচ্ছেদের আলোকে “জিয়ানগর- পিরোজপুর” ফায়ার সাভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ প্রকল্পের জমি অধিগ্রহণের প্রসঙ্গ দাখিল করেন। উল্লেখ্য যে, উপজেলা নিরূপী অফিসার, জিয়ানগর, পিরোজপুর যে সময় প্রসঙ্গ দাখিল করেন তখন প্রসঙ্গাবিত জমি নাল শ্রেণীর ছিল।

এ অবস্থায় পিরোজপুর জেলার জিয়ানগর উপজেলাধীন জে,এল নং ৯৭ চাড়াখালী মৌজার এস,এ, ৬০ ও ৩০০ নং খতিয়ানের হাল দাগ নং ২০৯ নাল শ্রেণী অধিগ্রহণকৃত জমি ০.৩৩ একর জমি অধিগ্রহণের জন্য স্থান নিরূপনের লক্ষ্যে বিসম্মিত আলাপ-আলোচনামে প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব) ফায়ার সাভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা কর্তৃক লে- আউট প্লানে প্রদর্শিত স্থান বর্ণিত প্রকল্পের কাজের জন্য উপর্যুক্ত বিবেচনায় উক্ত স্থান সভায় সরাসরম্মতিক্রমে নিরূপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা স্থান নিরূপন কমিটি,
পিরোজপুর।

স্মারক নং ৩১.১০.৯৭০০.১১৫.১৪.

তারিখ : ১৩/০৬/২০১৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। পুলিশ সুপার, পিরোজপুর।
- ২। সিভিল সার্জন, পিরোজপুর।
- ৩। নিরাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, পিরোজপুর।
- ৪। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর,
পিরোজপুর।
- ৫। জেলা প্রশাসক